

প্রাথমিক সমাপনী দ্বিতীয় দিনে দেড় লাখ শিক্ষার্থী অনুপস্থিত

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক শিক্ষা সমাপনীতে বাংলাদেশ ও বি
পরিচয় বিষয়ের পরীক্ষায় ৪ জন শিক্ষার্থী
বহিষ্কার হয়েছে। এদিন ইবতেদায়ী
সমাপনীতে নতুন সিলেবাসে বাংলাদেশ
বিষয় পরিচয় এবং পুরাতন সিলেবাসে পরি
পরিচয় সমাজ ও বিজ্ঞান বিষয়ের পরী
ক্ষা হয়। এই দুই স্তরের পরীক্ষায়
দেড় লাখের বেশি শিক্ষার্থী অনুপস্থিত
ছিল। এদের মধ্যে প্রাথমিকে আছে ১ লাখ ১০
হাজার ১১৬ জন। ইবতেদায়ীতে অনুপস্থিত
শিক্ষার্থীর সংখ্যা ৪১ হাজার ৩৯৩ জন। ২২
নভেম্বর এই পরীক্ষা শুরু হয়। সে হিসেবে
মঙ্গলবার তৃতীয় পরীক্ষা ছিল। কিন্তু দ্বিতীয়
দিনের পরীক্ষা জামায়াতে ইসলামীর
হরতালের কারণে পিছিয়ে ৩০ নভেম্বর নেয়া
হয়েছে। উল্লেখ্য, এই দুটি পরীক্ষায় ৩২ লাখ
৫৪ হাজার ৫১৪ জন পরীক্ষার্থীর অংশ নেয়ার
কথা ছিল। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে ২৯
লাখ ৪৯ হাজার ৬৩ ও ইবতেদায়ী
সমাপনীতে তিন লাখ পাঁচ হাজার ৪৫১ জন
শিক্ষার্থী রয়েছে।